

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd



পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০২.০৬৭.২১-১১২২(৮-৭)


তারিখঃ ২১ আষাঢ় ১৪২৭
১৩ জুলাই ২০২১

বিষয় : কারাগারে মাদকদ্রব্যের প্রবেশ ও ব্যবহার নিষিদ্ধকরণ সংক্রান্ত

সূত্র : (ক) কারা অধিদপ্তরের স্মারক নং- পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০২৪.২১-৪০২(৭৬), তারিখঃ ০৯-০৩-২০২১
(খ) কারা অধিদপ্তরের স্মারক নং- পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০২৪.২১-৪০৫(৭৬), তারিখঃ ১০-০৩-২০২১

কারাভ্যন্তরে মাদকদ্রব্যের প্রবেশের বিষয়ে সূত্রোক্ত স্মারকসমূহের মাধ্যমে নির্দেশনা দেয়া সত্ত্বেও অনেক কারাগারে তদ্ব্যবস্থাপনায় বন্দি/কর্মচারীদের নিকট থেকে মাদকদ্রব্য পাওয়া যাচ্ছে। উক্ত মাদকদ্রব্য কারাগারে প্রবেশের সহযোগিতায় অনেক কর্মকর্তা/কর্মচারী জড়িত আছেন-মর্মে বিভিন্ন মাধ্যমে জানা যায়। যা কোনভাবেই গ্রহণযোগ্য নয়।

কারাগারে কোনভাবেই যাতে মাদকদ্রব্য প্রবেশ করতে না পারে, সে ব্যাপারে কঠোর পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হলো। কোন বন্দি/দর্শনার্থী/কর্মকর্তা-কর্মচারীর নিকট কোন প্রকারের মাদকদ্রব্য পাওয়া গেলে অথবা এ বিষয়ে কোনরূপ সহযোগিতা/জড়িত থাকার প্রমাণ পাওয়া গেলে তার/তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশ প্রদান হলো। এ বিষয়ে কোনরূপ ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন- ৫৭৩০০২২২ (দপ্তর)।

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৬। শাখা প্রধান, প্রশাসন/সংস্থাপন-১/২/৩ শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। কারা মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।